

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৬৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যেসব সালাতের বিবরণ দিলাম, রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম সেসব সালাত বাড়িতে আদায় করতেন; মসজিদে নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم كان يصلي الركعات التي وصفناه فِي بَيْتٍ لَا فِي الْمَسْجِدِ

আরবী

2466 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَلِيِّ الصَّيْرَفِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو كَامِلِ الْجَحْدَرِيُّ قَالَ: حَدَّثَنَا خَالِدٍ الْحَذَّاءِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ عَنْ صَلَاةٍ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: كَانَ يُصَلِّي أَرْبَعًا قَبْلَ الظُّهْرِ ثُمَّ يَخْرُجُ فَيُصَلِّي ثُمَّ يَرْجِعُ فَيُصَلِّي رَكْعَتَيْنِ ثُمَّ يَخْرُجُ إِلَى الْمَغْرِبِ ثُمَّ يَرْجِعُ فَيُصَلِّي رَكْعَتَيْنِ ثُمَّ يَخْرُجُ إِلَى الْمَغْرِبِ ثُمَّ يَرْجِعُ فَيُصَلِّي رَكْعَتَيْنِ ثُمَّ يَحْرُجُ إِلَى الْمَغْرِبِ ثُمَّ يَرْجِعُ فَيُصَلِّي رَكْعَتَيْنِ ثُمَّ يَحْرُبُ ثُمَّ يَرْجِعُ فَيُصَلِّي رَكْعَتَيْنِ ثُمَّ يُصِلِّي مِنَ اللَّيْلِ تِسْعًا قَالَ: فَقُلْتُ وَعَلِي رَكْعَتَيْنِ ثُمَّ يُرْجِعُ فَيُصَلِّي لَيْلًا طَوِيلًا قَائِمًا وَإِذَا قَرَأَ قَائِمًا؟ قَالَتْ: إِذَا قَرَأَ قَائِمًا رَكَعَ قَاعِدًا ثُمَّ يُصِلِّي قَبْلَ الْفَجْرِ ركعتين.

الراوي: عَبْد اللَّهِ بْن شَقِيقٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2466 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (880 و 1137)، ((مختصر الشمائل)) (236)، ((صفة الصلاة)).

বাংলা

২৪৬৬. আব্দুল্লাহ বিন শাকীক থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে জবাবে তিনি বলেন, "তিনি যোহরের আগে চার রাকা'আত সালাত পড়তেন। তারপর তিনি আবার হুজরা থেকে বাহির হতেন অতঃপর (আসরের) সালাত আদায় করতেন অতঃপর বাসায় ফিরে এসে দুই রাকা'আত সালাত আদায় করতেন। তারপর মাগরিবের সালাত আদায় করার জন্য বের হতেন, তারপর বাসায় ফিরে আসতেন এবং দুই রাকা'আত সালাত আদায় করতেন। তারপর



তিনি ইশার সালাত আদায় করার জন্য বের হতেন তারপর বাসায় ফিরে এসে দুই রাকা'আত সালাত আদায় করতেন। তারপর রাতে নয় রাকা'আত সালাত আদায় করতেন।" আমি বললাম, "তিনি কি বসে সালাত আদায় করতেন নাকি দাঁড়িয়ে?" জবাবে তিনি বলেন, "তিনি দীর্ঘরাত দাঁড়িয়ে সালাত আদায় করতেন।"

আমি বললাম, "যখন তিনি দাঁড়িয়ে কিরা'আত করতেন?" জবাবে তিনি বলেন, "যখন তিনি দাঁড়িয়ে কিরা'আত পড়তেন, তখন তিনি দাঁড়িয়ে রুকূ' করতেন আবার যখন তিনি বসে কিরা'আত পড়তেন, তখন তিনি বসে রুকূ' করতেন। তারপর ফজরের আগে দুই রাকা'আত সুন্নাত পড়তেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩০; সহীহ মুসলিম: ৭৩০; তিরমিযী: ৩৭৫; আবূ দাউদ: ১২৫১; নাসাঈ: ৩/২২০; ইবনু মাজাহ: ১২২৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ৮৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শাকীক আল উকাইলী (রহ.)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন